



টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ (টিপিএসসি)
জয়পুরপাড়া, বগুড়া।


স্মারক নং- টিএমএসএস/টিপিএসসি/বগুড়া/২০২৩-০২৭৫


তারিখ: ০৪/১০/২০২৩ খ্রি.

অফিস আদেশ

কলেজ বার্ষিকী (ম্যাগাজিন) প্রকাশনা প্রসঙ্গে

- ১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, ছাত্র-ছাত্রী ও অভিভাবকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, বগুড়া কর্তৃক প্রকাশিত ২০২৩ সালের কলেজ বার্ষিকী (ম্যাগাজিন) অতি শীঘ্রই প্রকাশ হতে যাচ্ছে। এ উপলক্ষে অত্র প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা ও ছাত্র-ছাত্রীদের নিকট হতে বাংলা ভাষায় রচিত ছড়া, কবিতা, গল্প, প্রবন্ধ, রম্যরচনা, ভ্রমনকাহিনী, স্মৃতিকথা, তথ্য বিচিত্রা, কৌতুক, কার্টুন, চিত্রাঙ্কন ইত্যাদি আহবান করা হচ্ছে। উল্লেখ্য, লেখাসমূহ অবশ্যই মৌলিক হতে হবে।
- ২। আগ্রহী ছাত্র-ছাত্রীবৃন্দকে তাদের নিজ নিজ লেখা ও চিত্রাঙ্কন আগামী ৩০/১১/২০২৩ তারিখের মধ্যে শ্রেণিশিক্ষকের নিকট জমা দেয়ার জন্য বলা হলো। লেখা কম্পিউটারাইজড হলে অবশ্যই সফটকপি জমা দিতে হবে। শ্রেণিশিক্ষকগণ ছাত্র-ছাত্রীদের নিকট হতে লেখা ও চিত্রাঙ্কন জমাগ্রহণ অন্তে আগামী ০৩/১২/২০২৩ তারিখের মধ্যে 'কলেজ বার্ষিকী (ম্যাগাজিন) এবং অন্যান্য মুদ্রণ ও প্রকাশনা কমিটি'র ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিবেন। এছাড়াও আগ্রহী শিক্ষক ও কর্মকর্তাগণকে তাদের লেখা উল্লিখিত তারিখের মধ্যে কমিটির ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দেয়ার জন্য বলা হলো।
- ৩। উল্লেখ্য, কভার পেজে অবশ্যই শিক্ষার্থীর নাম, শ্রেণি, শাখা, রোল ও মোবাইল নম্বর লিখতে হবে এবং পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি সংযুক্ত করতে হবে। ছবি ছাড়া কোনো লেখা ও চিত্রাঙ্কন গ্রহণযোগ্য হবে না।
- ৪। শ্রেণিশিক্ষকগণকে উক্ত বিষয়টি ছাত্র-ছাত্রী/অভিভাবকগণকে অবহিতকরণের জন্য বলা হলো।
- ৫। বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য জানানো হলো।


অধ্যক্ষ

টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ


বিতরণ:

নির্বাহী পরিচালক, চেয়ারম্যান, অধ্যক্ষ, পরামর্শক, উপাধ্যক্ষ, সকল শিক্ষক/শ্রেণিশিক্ষক, সকল কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি, নোটিশ বোর্ড, ওয়েবসাইট।